



ইউনিক প্রোগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ

www.uniqueprogressiveschool.com

www.progressivenurseryschool.com

নোটিশ

এতদ্বারা অত্র স্কুলে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে -

- ২০২৩ সালে অধ্যয়নরত ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের ফলাফল-২০২৩ নৈপুণ্য অ্যাপস-এ যথাযথভাবে ইনপুট দেওয়া হয়েছে। সার্ভার জটিলতার কারণে কোর্স সমাপনী সনদপত্র এখনই ডাউনলোড করা যাচ্ছে না। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত নৈপুণ্য অ্যাপস -এ সনদপত্র ডাউনলোড করা মাত্রই শিক্ষার্থী ও অভিভাবককে অবহিত এবং বিতরণ করা হবে। তবে এক্ষেত্রে সকল শিক্ষার্থী পরবর্তী ক্লাসে উত্তীর্ণ হয়েছে এবং পরবর্তী ক্লাসে ভর্তি হতে কোন বাধা নেই।
- ২০২৪ নতুন শিক্ষাবর্ষে ০১.০১.২০২৪ ইং তারিখ, সোমবার থেকে ক্লাশ শুরু হবে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিম্ন সময়সূচি অনুযায়ী ক্লাশ চলবে এবং বেতন ও অন্যান্য ফি আদায় করা হবে।

ক্লাশ এবং বেতন ও অন্যান্য ফি আদায়ের সময়সূচি :

| শাখা | ক্লাশের সময় | বেতন ও অন্যান্য ফি আদায়ের তারিখ | সময় | মাসিক বেতন ও বার্ষিক অন্যান্য ফি | | | | | |
|---------|----------------------------------|--------------------------------------------------------------------------------|--------------------------------------------------|----------------------------------|------------|---------|------------|---------|---------|
| | | | | শ্রেণি | মাসিক বেতন | সেশন ফি | উন্নয়ন ফি | আইসিটি | মোট |
| প্রভাতি | সকাল ৮:৩০ মি. থেকে ১০:৫৫ মি. | ১৯.১২.২০২৩ থেকে ০৪.০১.২০২৪ (শুক্রবার ও সরকারী ছুটির দিন ব্যতিত) | সকাল ৮:৩০ মি. থেকে বিকেল ৩টা পর্যন্ত | ৬ষ্ঠ থেকে ১০ম | ১,২০০/- | ১,৫০০/- | ৩,০০০/- | ১,০০০/- | ৬,৭০০/- |
| দিবা | দুপুর ১২:২০ মি. থেকে ২:৪৫ মি. | | | | | | | | |

- ৩। ২০২৩ সালের বার্ষিক সামষ্টিক মূল্যায়ন/পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদেরকে ১৯ ডিসেম্বর, ২০২৩ ইং তারিখ, মঙ্গলবার থেকে ০৪ জানুয়ারি, ২০২৪ ইং তারিখ, বৃহস্পতিবার এর মধ্যে বেতন ও অন্যান্য বার্ষিক ফি পরিশোধ করতে হবে।
- ৪। উক্ত তারিখের মধ্যে যারা বেতন ও অন্যান্য ফি পরিশোধ করবে না তাদের আসন শূন্য বলে বিবেচনা করা হবে এবং লটারির মাধ্যমে নির্বাচিতদের মধ্যে থেকে শূন্য আসনে নতুন ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।
- ৫। অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের বেতন ও অন্যান্য পাওনাদি পরিশোধ করে প্রমাণ পত্র (বেতন কার্ড) দেখিয়ে স্কুল থেকে পাঠ্য বই সংগ্রহ করতে হবে।
- ৬। কোন ছাত্র/ছাত্রী ছাড়পত্র (T.C) নিতে চাইলে মাসিক বেতনের সমপরিমাণ টাকা টি.সি. ফি জমা দিয়ে আগামী ৩১/০১/২০২৪ ইং তারিখের মধ্যে তা নিতে পারবে। ৩১/০১/২০২৪ ইং তারিখের পরে T.C নিতে চাইলে মাসিক বেতন ও অন্যান্য বার্ষিক ফি অবশ্যই পরিশোধ করতে হবে।
- ৭। শীতকালে সকল ছাত্র-ছাত্রীকে অবশ্যই স্কুলের নির্ধারিত পোশাকের সাথে সাদা ক্যাডস/কালো সু ও সাদা মোজা এবং নেভি ব্লু রংয়ের সোয়েটার পরিধান করতে হবে। ছাত্র-ছাত্রীদের সকলকেই স্কুল থেকে কাপড়ের ব্যাজ এবং শোল্ডার ব্যাজ সরবরাহ করা হবে। ব্যাজ জামায় সেলাই করে লাগাতে হবে।
- ৮। ২০২৪ সনের জানুয়ারি মাসে বার্ষিক মিলাদ-২০২৪ ও বার্ষিক ক্রীড়া-২০২৪ প্রতিযোগিতা সম্পন্ন করতে হবে বিধায় সকল শিক্ষার্থীকে নিয়মিত স্কুলে উপস্থিত থাকতে হবে। কেউ অনুপস্থিত থাকলে বার্ষিক মিলাদ ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে না।

প্রধান শিক্ষক

ইউনিক প্রোগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ